জনপ্রশাসন মন্ত্রণালয় এর অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	সৈয়দ আশরাফুল ইসলাম, এম.পি. মাননীয় মন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়
তারিখ	:	১৯ এপ্রিল, ২০১৬ খ্রি.
সময়	:	বেলা ১১.০০ মি.।
স্থান	:	জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং সংযুক্ত দপ্তর-সংস্থাসমূহে গত সভার পর যোগদানকৃত কর্মকর্তাদের সঙ্গে পরিচিতি পর্ব অনুষ্ঠিত হয়।

২। অতঃপর গত ১৯ জানুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে কোন সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়। এরপর গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং আলোচ্যসূচি অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

ক্রঃ	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
২.১	শাখা-অধিশাখা পরিদর্শন।	অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, মন্ত্রণালয়ের শাখা/অধিশাখা পরিদর্শন অব্যাহত আছে। ডিসেম্বর/২০১৫ থেকে এপ্রিল/২০১৬ পর্যন্ত সময়ে ০১ জন অতিরিক্ত সচিব, ০৮ জন যুগ্মসচিব, ২৬ জন উপসচিব এবং ৩৫ জন সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ও অন্যান্য কর্মকর্তা ৭১টি শাখা/অধিশাখা পরিদর্শন করেছেন। ২৮টি শাখা/অধিশাখা পরিদর্শনের মেয়াদ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ১৯৩ অনুচ্ছেদ অনুযায়ী এখনও উত্তীর্ণ হয়নি। যথাসময়ে শাখা-অধিশাখা পরিদর্শন অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়।	সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ১৯৩ নং অনুচ্ছেদ মোতাবেক প্রমাপ অনুযায়ী শাখা-অধিশাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে। দায়িত্বঃ সকল কর্মকর্তা ।
২.২	কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়ন।	১. উপসচিব (নবনিয়োগ) জানান, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রতিবেদন পেতে বিলম্ব হওয়ায় APA এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩৪ তম বি সি এস-এ সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগপত্র দেয়া যাচ্ছে না। তাই APA এর নির্ধারিত লক্ষ্যমাত্রা পুরণ নাও হতে পারে। সিনিয়র সচিব জরুরি ভিত্তিতে প্রতিবেদন সংগ্রহ করে ৩৪ তম বি সি এস-এ সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগপত্র জারির নির্দেশনা প্রদান করেন। ২. শাখা-অধিশাখায় APA এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম চলমান রয়েছে এবং APA এ তে উল্লিখিত কাজগুলো যথাসময়ে বাস্তবায়ন করা হচ্ছে। 'পদ সৃজন' সংক্রান্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হচ্ছে। শাখা/অধিশাখা APA প্রস্তুত করে অনুবিভাগ প্রধানের নিকট জমা দিয়েছেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ বাস্তবায়ন অগ্রগতি মনিটর করছেন। ৩. বিদ্যমান সফটওয়ার অর্থাৎ NESSএর আওতায় বাজেট ও অডিট শাখা হতে প্রতিদিন একটি করে নথি ই-ফাইলিং এর মাধ্যমে	১ জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে যথাসময়ে প্রতিবেদন সংগ্রহ করে ৩৪ তম বি সি এস-এ সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগপত্র প্রদান করতে হবে। দায়িত্বঃ অতিরিক্ত সচিব (এপিডি)। ২. APA-তে উল্লিখিত কাজগুলো যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। APA এর লক্ষ্যমাত্রা অর্জন না হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে জবাবদিহি করতে হবে। ৩. আগামী ০৭ দিনের মধ্যে

		উপস্থাপন করা হচ্ছে। আরো কয়েকটি শাখা/অধিশাখায়ও ই- ফাইলিং কার্যক্রম শুরু করা হয়েছে। কিছু শাখা থেকে জানানো হয়েছে যে, ই- ফাইলিং সংক্রান্ত নতুন সফটওয়্যার এখনো পাওয়া যায়নি। তাই কার্যক্রম শুরু করা যাচ্ছে না। অতিরিক্ত সচিব (সিপিটি) জানান, প্রধানমন্ত্রীর কার্যালয়ে a2i প্রকল্প থেকে ই-ফাইলিং এর নতুন ভারসনের সফটওয়্যার সংগ্রহ করে তা দ্রুত বাস্তবায়ন করা হবে। সিনিয়র সচিব, পরবর্তী ০৭দিনের মধ্যে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে ই- ফাইলিং সংক্রান্ত Third Generation Software সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করেন।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারীকে ই ফাইলিং সংক্রান্ত Third Generation Software সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। দায়িত্ব: ক.অতিরিক্ত সচিব(সিপিটি) খ. যুগ্মসচিব(পিএসিসি)
২.৩	নথির শ্রেণিবিন্যাস।	অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান সকল শাখা- অধিশাখায় নথির শ্রেণিবিন্যাস কার্যক্রম সম্পন্ন হয়েছে। পরবর্তী সময়ে সৃজিত নথিসমূহ সাথে সাথে শ্রেণিবিন্যাস করা হচ্ছে। সিনিয়র সচিব, শ্রেণি বিন্যাসকৃত নথিসমূহ যথাযথভাবে শ্রেণিবিন্যাস করা হয়েছে কি না তা পরীক্ষা করে ০৭ দিনের মধ্যে একটি প্রতিবেদন দাখিলের জন্য গঠিত কমিটিকে অনুরোধ করেন।	সকল শাখা-অধিশাখার নথিসমূহ যথাযথভাবে শ্রেণিবিন্যাস করা হয়েছে কি না পরীক্ষা করে ০৭ দিনের মধ্যে একটি প্রতিবেদন দাখিল করতে হবে । দায়িত্ব: অতিরিক্ত সচিব (প্রশাসন)।
২.৪	অনিষ্পন্ন বিষয়।	সভায় জানানো হয় যে, অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। শাখা/অধিশাখা থেকে মেয়াদ ভিত্তিক অনিষ্পন্ন বিষয়ের তালিকা পাওয়া গেছে। প্রাপ্ত তালিকা অনুযায়ী বিভিন্ন শাখা/অধিশাখায়- ১ মাস পর্যন্ত ১১১ টি, ১-৩ মাস পর্যন্ত ৬১ টি, ৩-৬ মাস পর্যন্ত ৩০ টি এবং ০৬ মাসের উর্ধ্বে ৪৯টি সহ মোট ২৫১ টি বিষয় অনিষ্পন্ন রয়েছে। ২. অতিরিক্ত সচিব (বা:ব্য:) জানান, অনিষ্পন্ন পেনশন কেইসসমূহ নিষ্পত্তির লক্ষ্যে তথ্যের জন্য বিভিন্ন মন্ত্রণালয়ে তাগিদপত্র প্রদান করা হয়েছে। টেলিফোনে যোগাযোগ অব্যাহত আছে এবং মামলাভুক্ত আবেদনসমূহ নিষ্পত্তির লক্ষ্যে সর্বশেষ তথ্য সংগ্রহ কার্যক্রম অব্যাহত আছে। যে সকল পেনশন কেইস দীর্ঘ সময় ধরে পেন্ডিং রয়েছে, তার কারণ উল্লেখপূর্বক একটি তালিকা প্রস্তুত করে নিষ্পত্তির বিষয়ে সিনিয়র সচিবের সঙ্গে আলোচনার জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি পেনশন কেইস নিষ্পত্তির জন্য নিয়মিতভাবে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করতে বলেন। ৩. অতিরিক্ত সচিব (বিধি) জানান, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে মতামত প্রদানের ক্ষেত্রে আবশ্যিকভাবে সচিবালয় নির্দেশমালা এবং রুলস অব বিজনেস অনুসরণ করে মতামত প্রদান করা হচ্ছে।	১. সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। দায়িত্ব: সকল কর্মকর্তা ২. অনিষ্পন্ন পেনশন কেইসসমূহ নিষ্পত্তির জন্য দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। যে সকল পেনশন কেইস দীর্ঘ সময় ধরে পেন্ডিং রয়েছে, তার কারণ উল্লেখপূর্বক একটি তালিকা প্রস্তুত করে কেইসগুলোর বিষয়ে সিনিয়র সচিবের সঙ্গে আলোচনা করে দ্রুত নিষ্পত্তি করতে হবে। এ ব্যাপারে প্রয়োজনে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। দায়িত্ব: অতিরিক্ত সচিব (বা:ব্য:)।

২.৫	শূন্য পদে জনবল নিয়োগ।	১. অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের চলমান জনবল নিয়োগের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ১৩-২০ তম গ্রেডে (৩য় ও ৪র্থ শ্রেণি) ৪৮জন নবনিয়োগপ্রাপ্ত কর্মচারী যোগদান করেছেন। ইতোমধ্যে শূন্য হওয়া পদগুলো পূরণের লক্ষ্যে পুনরায় নিয়োগ কার্যক্রম শুরু হবে। সভাপতি জরুরি ভিত্তিতে শূন্য পদ পূরণের নিমিত্ত কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। ২. সকল মন্ত্রণালয়/বিভাগের জনবল এবং শূন্য পদের তথ্য সংগ্রহের জন্য একটি ছক তৈরি করে গত ২৫.০২.২০১৬ তারিখে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি দপ্তরসমূহে প্রেরণ করা হয়েছে। নির্ধারিত সময়ে তথ্য না পাওয়ায় গত ২২.০৩.২০১৬ তারিখে তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে। ৩. মুজিব নগর কর্মচারী সংক্রান্ত হারানো নথিটি খুঁজে বের করার বিষয়ে উদ্বৃত্ত কর্মচারী অধিশাখার যুগ্মসচিবকে আহ্বায়ক করে তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান রয়েছে।	১. জনপ্রশাসন মন্ত্রণালয়ে ইতোমধ্যে শূন্য হওয়া পদে জনবল নিয়োগের কার্যক্রম ০১ সপ্তাহের মধ্যে শুরু করতে হবে। দায়িত্ব: অতিরিক্ত সচিব (প্রশাসন)। ২. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি আধা সরকারি দপ্তর থেকে প্রতি ০৩ মাস অন্তর নির্ধারিত ছকে বিদ্যমান জনবল এবং শূন্য পদের হালনাগাদ বিবরণ সম্পর্কিত তথ্য এবং জেলা প্রশাসকদের নিকট থেকে মুক্তিযোদ্ধা কর্মচারীদের তথ্য সংগ্রহ করতে হবে। ৩. মুজিব নগর কর্মচারী সংক্রান্ত হারানো নথির বিষয়ে গঠিত কমিটি দ্রুত প্রতিবেদন দাখিল করবে । দায়িত্ব: যুগ্মসচিব (উদ্বৃত্ত কর্মচারী অধিশাখা)।
২.৬	সকল ক্যাডার কর্মকর্তাদের পি.ডি.এস/ ডাটাবেইজ হালনাগাদকরণ।	১. যুগ্মসচিব (পি এ সি সি) জানান, বাংলাদেশ সিভিল সার্ভিসের ২৮টি ক্যাডারের কর্মকর্তাদের ডাটাবেইজ হালনাগাদ কার্যক্রম অব্যাহত রয়েছে। এ পর্যন্ত সর্বমোট ৩৯,৯১৬ জন কর্মকর্তার রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে এবং ৩৯,৯১৬ জনকে নতুন আইডি প্রদান করা হয়েছে। গত ১৭.০২.২০১৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ০১ মাসের ভিতর সকল ক্যাডারের রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে ০২.০৩.২০১৬ খ্রি. তারিখে তাগিদপত্র দেয়া হয়েছে। পি.এম.আই.এস হালনাগাদ ও পি.বি.ই.এস. বাস্তবায়নের জন্য কর্মসূচি প্রণয়ন করে অর্থ বরাদ্দের জন্য অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। যুগ্মসচিব ও তদূর্ধ্ব কর্মকর্তাদের পি.ডি.এস এর পুরানো ছবি পরিবর্তনের কাজ চলমান রয়েছে।	নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ থেকে তথ্য সংগ্রহপূর্বক সকল ক্যাডারের রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। পি.এম. আই.এস হালনাগাদ ও পি.বি.ই.এস. বাস্তবায়নের জন্য অর্থ বিভাগের সাথে যোগাযোগপূর্বক অর্থ বরাদ্দের বিষয়টি নিশ্চিত করতে হবে। দায়িত্ব: যুগ্মসচিব (পিএসিসি)
২.৭	বাংলাভাষা বাস্তবায়ন কোষের কার্যক্রম।	১. অতিরিক্ত সচিব, সংস্কার, গবেষণা ও আইন জানান, প্রকাশিতব্য 'সরকারি কাজে ব্যবহারিক বাংলা' এবং 'পদবির পরিভাষা' পুস্তকদ্বয়ের পাণ্ডুলিপি এপ্রিল, ২০১৬ মাসে সমাপ্ত হবে। মে, ২০১৬ মাসের মধ্যে চূড়ান্ত সম্পাদনার পর আগামী জুন, ২০১৬ মাসে পুস্তিকাকারে প্রকাশের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। ২. বাংলায় সাইনবোর্ড লেখা নিশ্চিত করার জন্য ইতোমধ্যে সচিব, স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর আধা-সরকারি পত্র প্রেরণের জন্য খসড়া উপস্থাপন করা হয়েছে।	১. নির্ধারিত সময়ের মধ্যে পুস্তক ২টি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২. সিটি কর্পোরেশন, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদ এলাকায় বাংলায় সাইনবোর্ড লেখা নিশ্চিত করার জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করতে হবে। দায়িত্ব: অতিরিক্ত সচিব (সংস্কার, গবেষণা ও আইন)

২.৮	**অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি।**	অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও আইন) জানান, শৃঙ্খলা-১(১) শাখায় ১৫ টি বিভাগীয় মামলা, শৃঙ্খলা-২ শাখায় ০৭টি বিভাগীয় মামলা, শৃঙ্খলা-২(৪) শাখায় ৫ টি অভিযোগ ও ৭টি বিভাগীয় মামলা এবং শৃঙ্খলা-৫ শাখায় ১২টি বিভাগীয় মামলা অনিষ্পন্ন রয়েছে। বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য তদন্তকারী কর্মকর্তাদের তাগিদ দেয়া হয়েছে। তিনি শৃঙ্খলাজনিত মামলা নিষ্পত্তির ক্ষেত্রে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের সময় আদালতের মামলা থাকলে তা মন্তব্য কলামে উল্লেখ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন।	বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আদালতে মামলা থাকলে প্রতিবেদন প্রেরণের সময় মন্তব্য কলামে উল্লেখ করতে হবে। দায়িত্ব: ক. অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও আইন) খ. তদন্তকারী কর্মকর্তা (সকল)।

০৩. বিবিধ:

৩.১	**'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ে আলোচনা।**	১. প্রধান ইনোভেশন কর্মকর্তা ও যুগ্মসচিব (পি এ সি সি) জানান, ২০১৬ সালে বাস্তবায়নের জন্য ১১ টি উদ্ভাবনী উদ্যোগ চূড়ান্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। প্রতি মাসের প্রথম সোমবার উদ্ভাবনী উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হচ্ছে। 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি' এবং 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয় নিয়মিত মাসিক সমন্বয় সভার আলোচ্যসূচিতে অর্ন্তভুক্ত করে আলোচনা ও তার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল দপ্তর/সংস্থাকে অনুরোধ জানানো হয়েছে। ২. অতিরিক্ত সচিব (এপিডি) জানান, মাঠ পর্যায়ের যে সকল কর্মকর্তা ইনোভেশন সম্পর্কে ভাল কাজ করছেন, তাদেরকে বর্তমান কর্মস্থলের চেয়ে আরো অধিক গুরুত্বপূর্ণ পদে পদায়ন এবং যারা দীর্ঘদিন প্রত্যন্ত অঞ্চলে কর্মরত আছেন, তাদেরকে ঢাকায় বা ঢাকার আশে পাশে পদায়ন অব্যাহত আছে। ৩. এস.ডি.জি এবং এ.পি.এ বিষয়ক জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিষয়গুলো নির্ধারণের জন্য গঠিত কমিটি এস.ডি.জি এর লক্ষ্যমাত্রা অর্জনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের করণীয় সম্পর্কে দাখিলকৃত প্রতিবেদনের আলোকে চিহ্নিত বিষয়াদি বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুবিভাগ প্রধানদের অনুরোধ করা হয়।	১. 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন' অগ্রগতি এবং 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। দায়িত্ব: দপ্তর/সংস্থা প্রধান (সকল) ২. ইনোভেশন সম্পর্কে ভাল কাজ করছেন, এধরনের কর্মকর্তাদের বর্তমান কর্মস্থলের চেয়ে আরো অধিক গুরুত্বপূর্ণ পদে পদায়ন এবং যারা দীর্ঘদিন প্রত্যন্ত অঞ্চলে কর্মরত আছেন, তাদেরকে ঢাকায় বা ঢাকার আশে পাশে পদায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। দায়িত্ব: অতিরিক্ত সচিব (এপিডি) ৩. এস.ডি.জি এবং এ.পি.এ বিষয়ক জনপ্রশাসন মন্ত্রণালয় সংক্রান্ত বিষয়গুলো বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের জরুরি ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করতে হবে। দায়িত্ব: সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান।

০৪। **অধিদপ্তর/সংস্থা:**

৪.১। বি.সি.এস. (প্রশাসন) একাডেমি:

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
৪.১.১.	**শূন্য পদে জনবল নিয়োগ এবং রাজস্ব বাজেটের আওতায় পদ**	রেক্টর, বি.সি.এস (প্রশাসন) একাডেমি জানান, ১৩তম গ্রেডের শূন্য পদে মনোনীত ১০ জন প্রার্থীর মধ্যে ০৯ জন প্রার্থী গত ০১.০৬.২০১৫ তারিখে স্ব স্ব পদে চাকরিতে যোগদান করেছেন। রাজস্ব বাজেটের আওতায় প্রশাসনিক কর্মকর্তার ০২টি, অফিস সুপারভাইজারের ০১টি, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তার ০১টি এবং	ইতোমধ্যে শূন্য হওয়া পদ পূরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং রেক্টরের একান্ত সচিবের পদ সৃজনের বিষয়ে সচিব কমিটিতে দ্রুত প্রস্তাব প্রেরণ করতে হবে।

	সৃজন।	সহকারী গ্রন্থাগারিকের ০১টি পদ সৃজনের মঞ্জুরি পাওয়া গেছে। যুগ্মসচিব (সচিবালয় ও কল্যাণ) জানান, রেক্টরের একান্ত সচিবের পদ সৃজনের জন্য অর্থ বিভাগ থেকে সম্মতি পাওয়া গেছে। সচিব কমিটিতে সারসংক্ষেপ প্রেরণের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।	দায়িত্ব: ক. রেক্টর, বি.সি.এস (প্রশাসন) একাডেমি। খ. যুগ্মসচিব (সচিবালয় ও কল্যাণ)।

৪.২। বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বি.পি.এ.টি.সি.):

ক্র:নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
৪.২.১.	শূন্য পদ পুরণ।	৮৪টি শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র চাওয়ার পরিপ্রেক্ষিতে ২০টি পদের ছাড়পত্র পাওয়া গেছে। তন্মধ্যে ১৫টি পদে নিয়োগ দেয়া হয়েছে। অবশিষ্ট ৫টি পদে নিয়োগের প্রক্রিয়া চলমান। পরিচালক পদের নিয়োগবিধি বিজি প্রেস থেকে সংগ্রহের চেষ্টা অব্যাহত আছে।	বিজি প্রেস থেকে দ্রুত নিয়োগবিধি সংগ্রহ করতে হবে এবং শূন্য পদে জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। দায়িত্ব: রেক্টর, বি.পি.এ.টি.সি।
৪.২.২.	বি.পি.এ.টি.সি'র নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন তহবিল বৃদ্ধি।	১. বি.পি.এ.টি.সি'র নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন তহবিল গঠনের লক্ষ্যে Endowment Fund হিসেবে ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা মঞ্জুরির বিষয়টি কেন্দ্রের ২৬.০৭.২০১৫ তারিখে অনুষ্ঠিত ৬০তম বি.ও.জি. সভায় অনুমোদন দেয়া হয়েছে। অর্থ মঞ্জুরির বিষয়ে ১৪.৯.২০১৫ তারিখে অর্থ বিভাগকে অনুরোধ করা হয়েছে। জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী নিজস্ব তহবিল থেকে পেনশনের অর্থ সংকুলান সম্ভব নয় বিধায় অর্থ বিভাগ থেকে এককালীন মঞ্জুরি গ্রহণের বিষয়ে বি.পি.এ.টি.সি'র ৬১ তম বোর্ড সভায় সর্বসম্মতিক্রমে একমত পোষণ করা হয় । বোর্ড সভার সিদ্ধান্ত গত ২২ মার্চ, ২০১৬ তারিখে জনপ্রশান মন্ত্রণালয়কে জানানো হয়েছে। ২. বি.পি.এ.টি.সি'র আর্ন্তজাতিক প্রশিক্ষণ কেন্দ্রের উর্ধ্বমুখী সম্প্রসারণ (৫ম তলা থেকে ১০ম তলা) ConstrRction of Vertical Extension of ITC Building শীর্ষক প্রকল্পটির জিওবি বাস্তবায়নকাল জুলাই, ২০১৬ থেকে জুন, ২০১৮ পর্যন্ত প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয়েছে ৬১৫৭.০০লক্ষ টাকা। গত ৩১.০১.২০১৬ তারিখে পরিকল্পনা কমিশনের প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুয়ায়ী ডি.পি.পি পুনর্গঠনের কাজ চলছে। এ ছাড়া ডরমিটরি-২ এর ছাদ নির্মাণ সম্পন্ন হয়েছে। উর্ধ্বমুখী সম্প্রসারণের কাজ মে, ২০১৬ তারিখে শেষ হবে। ডরমিটরি-৩ এর নির্মাণ কাজ ৫০% শেষ হয়েছে।	১. বি.পি.এ.টি.সি'র নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন তহবিল গঠনের লক্ষ্যে Endowment Fund হিসেবে ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা মঞ্জুরির বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ২. আর্ন্তজাতিক প্রশিক্ষণ কেন্দ্রের উর্ধ্বমুখী সম্প্রসারণ সংক্রান্ত ডি.পি.পি পুনর্গঠনের কাজ দ্রুত সম্পন্ন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। ৩. ডরমিটরি-২ ও ডরমিটরি-৩ এর উর্ধ্বমুখী সম্প্রসারণের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। দায়িত্ব: রেক্টর, বি.পি.এ.টি.সি।

৪.৩। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড:

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
৪.৩.১	শূন্য পদ পুরণ।	মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড জানান, তথ্য প্রযুক্তি সম্পর্কিত ১৬টি পদের ছাড়পত্রের মধ্যে ১৩তম গ্রেডের ৯টি পদে জনবল নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বে কোটা নির্ধারণের জন্য বাছাই কমিটির সভা আহবান করা হয়েছে।	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের শূন্য পদে জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। দায়িত্ব: মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

৪.৩.২	**কল্যাণ বোর্ডের জমিতে বাণিজ্যিক ভবন নির্মাণ।**	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিজস্ব জমিতে ৩০তলা বাণিজ্যিক ভবন (কল্যাণ ভবন) নির্মাণ শীর্ষক প্রকল্পের জন্য পরিকল্পনা কমিশনে সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রকল্পটি নীতিগতভাবে অনুমোদিত হয়। পিইসি সভায় ভবনটি স্থাপত্য কারিগরি ও প্রকৌশলগত দিক থেকে উন্নত ও স্মার্ট/পরিবেশ সম্মতভাবে গড়ে তোলার জন্য প্রণীত নকশা মন্ত্রণালয় কর্তৃক ব্যক্তিখাত-কে অন্তর্ভুক্ত করে পুনঃপর্যালোচনা করার পরামর্শ প্রদান করা হয়েছে। তার আলোকে দেশের খ্যাতনামা স্থপতিদের সাথে ১১.১১.২০১৫ তারিখে ১ম ও ২২.০৩.২০১৬ তারিখে ২য় সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক মে ২০১৬ মাসের মধ্যে স্থাপত্য অধিদপ্তরকে পুনর্গঠিত নকশা প্রণয়নের জন্য অনুরোধ করা হয়েছে।	পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ৩০তলা বাণিজ্যিক ভবন (কল্যাণ ভবন) নির্মাণের জন্য মে/২০১৬ এর মধ্যে স্থাপত্য অধিদপ্তর হতে পুনর্গঠিত নকশা সংগ্রহ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। দায়িত্ব: ১.মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। ২.যুগ্মসচিব (উন্নয়ন)।

৪.৪। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা:

ক্র:নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
৪.৪.১	শূন্য পদে নিয়োগ।	১. ২৯৫টি শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে ৭৯ জন দৈনিক ভিত্তিক শ্রমিকের দায়ের করা রিট পিটিশন মামলা নং ৪১৩৬/২০১৪ এর রায়ের বিরুদ্ধে বাদীপক্ষ রিভিউ পিটিশন নং-২২/২০১৫ দায়ের করে। রিভিউ মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে লিভ টু আপীল দায়েরের জন্য ২২.১২.২০১৫ তারিখে মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। রায়ের জাবেদা নকল উত্তোলনের জন্য সলিসিটর উইংকে অনুরোধ জানানো হয়েছে। রায়ের জাবেদা নকল অদ্যাবধি পাওয়া যায়নি। এছাড়া ৯৫ জন দৈনিক শ্রমিক কর্তৃক অধিদপ্তরের ৩য় ৪র্থ শ্রেণীর রাজস্ব খাতের শূন্য পদে নিয়মিতকরণ ও আত্তীকরণের জন্য দায়েরকৃত রিট পিটিশন নং ১১৪২/২০১৪ এর রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল দায়েরের লক্ষ্যে উক্ত রায়ের জাবেদা নকল উত্তোলনের জন্য গত ০৩.০২.২০১৬ তারিখে সলিসিটর উইংকে অনুরোধ জানানো হয়েছে। বর্তমানে ২টি মামলার আপীল দায়েরের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।	১. রিভিউ পিটিশন নং-২২/২০১৫ এবং রিট পিটিশন নং ১১৪২/২০১৪ এর রায়ের সার্টিফাইড কপি জরুরি ভিত্তিতে উত্তোলন করে আপিল দায়েরের কার্যক্রম তরান্বিত করতে হবে। দায়িত্ব: ক. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর। খ. যুগ্মসচিব (আইন)।
		২. বিজি প্রেসের অটোমেশন প্রকল্প এবং গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস ও বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ের সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রস্তাব দু'টি মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে সংশোধন করে পুনরায় প্রেরণের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।	২. বিজি প্রেসের অটোমেশন সংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। দায়িত্ব: মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর।
		৩. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ০৩টি প্রেসের ০৪টি কর্মসূচির আওতায় থোক বরাদ্দ থেকে ৩৯,৮৫,৩৫,০০০/- টাকা বরাদ্দের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে এ বিষয়ে অর্থ বিভাগে যোগাযোগ করে জানা যায় যে, 'বর্তমানে কর্মসূচি খাতে কোন অর্থ বরাদ্দ দেয়া হবে না'।	৩. অর্থ বিভাগের সাথে যোগাযোগপূর্বক থোক বরাদ্দ থেকে বাজেট বরাদ্দ প্রাপ্তির ব্যবস্থা করতে হবে। দায়িত্ব: ক. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর। খ.অতিরিক্ত সচিব (বা:ব্য:)।
		৪. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের আইসিটি সেলে ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ০১ জন সিস্টেমস এনালিস্ট, ০১ জন প্রোগ্রামার ও ০১ জন মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার নিয়োগ দেয়া	৪. সিস্টেমস এনালিস্ট যোগদান না করলে তার পরিবর্তে জনবল নিয়োগের

		হয়েছে। তন্মধ্যে প্রোগ্রামার, জনাব মোঃ মাসুদুল হক ভূইয়া ২৮.০৩.২০১৬ তারিখে এবং মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার জনাব মোঃ কবির উদ্দিন ২৯.০৩.২০১৬ তারিখে যোগদান করেছেন। সিস্টেমস এনালিস্ট এখনো যোগদান করেননি।	জন্য পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

৪.৫। সরকারি যানবাহন অধিদপ্তরঃ

ক্র:নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
৪.৫.১	**সরকারি যানবাহন অধিদপ্তর।**	১. সরকারি যানবাহন অধিদপ্তরের অকেজো ঘোষিত ১৯৯টি গাড়ি বিক্রির জন্য দরপত্র আহবান করা হয়েছে। ১৭৪টি গাড়ি অকেজো ঘোষণার জন্য 'ক' ফরম পূরণ করে বিআরটিএ-তে প্রেরণ করা হয়েছে। ১১০টি গাড়ি 'ক' ফরম পূরণ করার প্রক্রিয়াধীন রয়েছে। বিশেষ রেজিস্ট্রেশন ও রেজিস্ট্রেশন ন বিহীন ৮৯টি গাড়ি অকেজো ঘোষণার অনুমতি চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডে পত্র দেয়া হয়েছে। উক্ত গাড়িসমূহ হতে আনসার ভিডিপি অধিদপ্তর ২০টি, বর্হিগমন ও পাসপোর্ট অধিদপ্তর ১৩টি, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ০৫টি, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন ৭১টি এবং যুব ও ক্রীড়া অধিদপ্তর ৪৮টি গাড়ি গ্রহণের বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে। সংরক্ষিত মূল্যে সংশ্লিষ্ট সংস্থাকে অকেজো গাড়িসমূহ হস্তান্তরের অনুমতি চেয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী ও সমমর্যাদা সম্পন্ন ব্যক্তিবর্গের ব্যবহারের জন্য ৫০(পঞ্চাশ)টি হাইব্রীড কার সরবরাহের নিমিত্ত মেসার্স নাভানা লিমিটেড বরাবরে এবং বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকদের ব্যবহারের জন্য ৭১টি জিপ সরবরাহের নিমিত্ত প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড বরাবরে চুক্তি সম্পাদন নোটিশ জারী করা হয়েছে। জেলা প্রশাসকের কার্যালয়ে ব্যবহারের জন্য ১০টি মোটর সাইকেল সরবরাহের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বরাবরে চুক্তি সম্পাদন নোটিশ জারী করা হবে। অতিরিক্ত জেলা প্রশাসকদের ব্যবহারের জন্য ৩১টি জিপ এবং সরকারি যানবাহন অধিদপ্তরে ব্যবহারের জন্য ০১টি এ্যাম্বুলেন্স ক্রয়ের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অর্থ বরাদ্দ পাওয়া গেলে সিনিয়র সচিব/সচিব মহোদয়গণের ব্যবহারের জন্য ৪৫টি সিডান কার, বিদেশী ডেলিগেটদের ব্যবহারের জন্য ২০টি জিপ এবং ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ে ব্যবহারের জন্য ০৩টি জিপ ক্রয়ের কার্যক্রম গ্রহণ করা হবে। সরকারি যানবাহন মেরামত কারখানার জায়গায় বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করা হচ্ছে। সরকারি যানবাহন মেরামত কারখানা আধুনিকায়নের চলমান কর্মসূচির জন্য বরাদ্দ পাওয়া যায়নি। ২. পরিবহনপুলের নিয়োগ কার্যকম সম্পন্ন করার লক্ষ্যে চাহিত বরাদ্দ জরুরি ভিত্তিতে ছাড় করার জন্য অর্থ বিভাগে পুনরায় যোগাযোগ করার নির্দেশনা প্রদান করা হয়।	১. অকেজো ঘোষিত যানবাহন নিলামে বিক্রয় অথবা নির্ধারিত মূল্যে অন্য সরকারি সংস্থায় হস্তান্তরের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। ২. জিপ ক্রয়ের লক্ষ্যে বরাদ্দের জন্য অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ৩. সরকারি যানবাহন মেরামত কারখানার জায়গায় বহুতল ভবন নির্মাণের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। দায়িত্বঃ পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর। ৪. পরিবহনপুলের নিয়োগ কার্যকম সম্পন্ন করার লক্ষ্যে চাহিত বরাদ্দ জরুরিভিত্তিতে ছাড় করার জন্য অর্থ বিভাগে পুনরায় যোগাযোগ করতে হবে। দায়িত্বঃ ক. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর। খ. অতিরিক্ত সচিব(বা:ব্য)।

৪.৬। বিয়াম ফাউন্ডেশন:

ক্র:নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
৪.৬.১	**প্রশিক্ষণ।**	১. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন জানান, কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য অতিরিক্ত অর্থ বাবদ ৭,৯৫,০০০/-(সাত লক্ষ পচানব্বই হাজার)টাকা পাওয়া গেছে। ২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০-১২ গ্রেডের কর্মকর্তাদের জন্য আয়োজিত প্রশিক্ষণ কোর্সটির একটি অংশ কক্সবাজারে সংযুক্তি প্রদানের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।	১. কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২. ১০-১২ গ্রেডের কর্মকর্তাদের জন্য আয়োজিত প্রশিক্ষণ কোর্সের একটি অংশ কক্সবাজারে সংযুক্তি প্রদানের কার্যক্রম গগ্রহণ করতে হবে। দায়িত্ব: মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন।

৪.৭। সরকারি কর্মচারী হাসপাতাল:

ক্র:নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
৪.৭.১	**সরকারি কর্মচারী হাসপাতাল আধুনিকীকরণ।**	১. সরকারি কর্মচারী হাসপাতালে আই.সি.ইউ. চালু করার নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এ পর্যন্ত ১০ জন চিকিৎসক ও ০৫ জন নার্স পদায়ন করেছে। সিনিয়র সচিব জুন,২০১৬ এর মধ্যে আই.সি.ইউ. চালু করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। ২. হাসপাতালে আগত সেবাপ্রার্থীদের সুবিধার্থে অভ্যর্থনা ডেস্ক স্থাপনের জন্য গণপূর্ত অধিদপ্তরকে অনুরোধ করা হয়। তার পরিপ্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তর একটি প্রাক্কলন দাখিল করে। প্রাক্কলনটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের পর গণপূর্ত অধিদপ্তর দরপত্র আহবান করেছে। শীঘ্রই কাজ শুরু হবে। ৩. সরকারি কর্মচারী হাসপাতালে বর্তমানে অনলাইন সেবা প্রদান কাজে ব্যবহৃত সফট্ওয়্যারটি বরাদ্দ না থাকায় এখনো নবায়ন করা হয়নি। নবায়ন করা না হলে জুন, ২০১৬ এর পর এটি আর কার্যকর থাকবে না। এ অর্থ বছরের সংশোধিত বাজেটে অটোমেশন কার্যক্রম নবায়নের জন্য বরাদ্দ চাওয়া হয়েছে। বরাদ্দ পাওয়া সাপেক্ষে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি নবায়নপূর্বক কার্যাদেশ প্রদান করা হবে। তবে হাসপাতালে বিদ্যমান সুবিধা এবং ভবিষ্যত চাহিদা নিরুপণ করে একটি যথোপযুক্ত অটোমেশন সিস্টেম গ্রহণের লক্ষ্যে উন্নতমানের সফটওয়্যার ক্রয়ের জন্য একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে।	জুন, ২০১৬ এর প্রথম সপ্তাহের মধ্যে সরকারি কর্মচারী হাসপাতালে আই.সি.ইউ. চালু করতে হবে। ক. যুগ্মসচিব (সচিবালয় ও কল্যাণ) খ. তত্ত্বাবধায়ক, সরকারি কর্মচারী ২. সরকারি কর্মচারী হাসপাতালে আগত সেবাপ্রার্থীদের সুবিধার্থে অভ্যর্থনা ডেস্ক স্থাপনের কার্যক্রম এ অর্থবছরের মধ্যে বাস্তবায়ন করতে হবে। দায়িত্ব: ক. যুগ্মসচিব (সচিবালয় ও কল্যাণ) খ. তত্ত্বাবধায়ক, সরকারি কর্মচারী হাসপাতাল। গ. নির্বাহী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত অধিদপ্তর। ৩. সরকারি কর্মচারী হাসপাতালে ব্যবহৃত অটোমেশন সফটওয়্যারটি নবায়নের জন্য অর্থ বরাদ্দ করতে হবে এবং উন্নতমানের সফটওয়্যার ক্রয়ের জন্য আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগের অগ্রগতি জানাতে হবে। দায়িত্ব: ক. অতিরিক্ত সচিব (বা:ব্য:) খ. যুগ্মসচিব (সচিবালয় ও কল্যাণ) গ. তত্ত্বাবধায়ক, সরকারি কর্মচারী হাসপাতাল।

		৪. সরকারি কর্মচারী হাসপাতাল ব্যবস্থাপনায় গতিশীলতা আনার লক্ষ্যে মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাকে পদায়নের বিষয়টি পরীক্ষা করে দেখার জন্য মাননীয় প্রতিমন্ত্রী তাঁর অভিমত ব্যক্ত করেন।	৪. সরকারি কর্মচারী হাসপাতাল ব্যবস্থাপনায় মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাকে পদায়নের বিষয়টি পরীক্ষা করে দেখতে হবে। দায়িত্ব: ক. অতিরিক্ত সচিব (প্রশাসন)। খ. ক. অতিরিক্ত সচিব (এপিডি)
০৫	মাননীয় প্রতিমন্ত্রীর বক্তব্য	সভায় উপস্থিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক এম.পি. সকলকে আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করে বলেন, অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। পুরোপুরিভাবে ই-ফাইলিং চালুর বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। সরকারি হাসপাতালের সকল চিকিৎকগণ যেন চিকিৎসা সেবায় মনোনিবেশ করতে পারে সে লক্ষ্যে হাসপাতাল ব্যবস্থপনায় মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তা পদায়ন করা যায় কিনা তা পরীক্ষা করে দেখতে হবে।	
০৬	সভাপতির বক্তব্য।	সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে মন্ত্রণালয়ের কর্মকর্তাদের উদ্দেশ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করে তা অবিলম্বে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন এবং সকলকে আন্তরিকতার সাথে উদ্যোগী হয়ে দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করেন: ১. প্রজাতন্ত্রের কর্মকর্তাগণ যেন স্বতঃস্ফূর্ত এবং স্বপ্রণোদিত হয়ে নিজ নিজ দায়িত্ব পালন করতে পারেন সেরূপ সহায়ক কর্ম-পরিবেশ সৃষ্টি করতে হবে। ২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের কার্যক্রমের মাধ্যমে সরকারের ভাবমূর্তি উজ্জ্বল এবং সমুন্নত রাখতে হবে। ৩. মন্ত্রণালয়ের বিভিন্ন স্তরে ডেলিগেশন অব পাওয়ার যুগোপযোগী করার লক্ষ্যে প্রস্তাবসহ নথি উপস্থাপন করতে হবে। ৪. শূন্য পদ পূরণের জন্য দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। ৫. রুলস অব বিজনেস অনুযায়ী মন্ত্রণালয়ের সকল কার্যক্রম পরিচালনা নিশ্চিত করতে হবে। ৬. মন্ত্রণালয়ের সকল কাজে গতিশীলতা আনতে হবে।	

০৬। আলোচনার জন্য অন্য কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৫/২০২৩

সৈয়দ আশরাফুল ইসলাম এম.পি.
মন্ত্রী
জনপ্রশাসন মন্ত্রণালয়

১৫ জ্যৈষ্ঠ, ১৪২৩

নং-০৫.০০.০০০০.১১১.০৬.০৬.১৬-৩০৭/১(১২০) তারিখ : ২৯ মে, ২০১৬

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

০১. রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বি.পি.এ.টি.সি.), সাভার, ঢাকা/বি.সি.এস.(প্রশাসন) একাডেমি,শাহবাগ, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৩. অতিরিক্ত সচিব (বিধি/সি.পি.টি./প্রশাসন/এ.পি.ডি./শৃঙ্খলা ও তদন্ত/আইন/সওব্য/সংস্কার ও গবেষণা /বাজেট ব্যবস্থাপনা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৪. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড. সেগুনবাগিচা, ঢাকা।
০৫. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
০৬. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর. তেজগাঁও, ঢাকা।
০৭. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩ ইস্কাটন, ঢাকা।
০৮. যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৯. মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১. উপসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পি.এ.সি.সি. জনপ্রশাসন মন্ত্রণালয় (অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
১৫. তত্ত্বাবধায়ক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
১৬. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র এসাঃ অফিসার/সিনিয়র সহকারী প্রধান/সি:অনুবাদ কর্মকর্তা/ সিনিয়র তথ্য অফিসার/ তথ্য অফিসার/ হিসাব রক্ষণ কর্মকর্তা/ লাইব্রেরিয়ান/অনুবাদ কর্মকর্তা /গবেষণা কর্মকর্তা/সহকারী সচিব/সহকারী প্রধান/এসাইনমেন্ট অফিসার/ নথি রক্ষণ কর্মকতা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৭. প্রথম শ্রেণির কর্মকর্তা (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৮. অফিস কপি।

২৯.৫.২০১৬

এ বি এম আমিন উল্লাহ নুরী
উপসচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
ফোন: ৯৫৪০১৫৯